



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৬.১৬.০০১.২৪.১৩৪

তারিখ: ৩ বৈশাখ ১৪৩১

১৬ এপ্রিল ২০২৪

বিষয়: 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫' প্রকাশ।

সূত্র: ০৪.০০.০০০০.৮২৫.২২.০০১.২৪.৩২ ০৯ এপ্রিল ২০২৪

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের জন্য 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫' মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক চূড়ান্ত করা হয়েছে (এপিএ নির্দেশিকা ২০২৪-২৫ (6487/potrojariAttachmentRef/102122/0/199))। নির্দেশিকাটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের এপিএ সেবাবক্সে আপলোড করা হয়েছে;

২। ২০২৪-২৫ অর্থবছরের এপিএ নির্দেশিকার কিছু গুরুত্বপূর্ণ ফিচার নিম্নরূপ:

(ক) সরকারের নির্বাচনী ইশতেহার ২০২৪ বাস্তবায়ন এপিএ প্রস্তুতির মূল ভিত্তি হবে;

(খ) এপিএ'র প্রতিটি কার্যক্রম ও লক্ষ্যমাত্রা কোনো না কোনো পরিকল্পনা দলিল বা প্রশাসনিক সিদ্ধান্তের ভিত্তিতে গ্রহণ করতে হবে;

(গ) যে সকল মন্ত্রণালয়/বিভাগে মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে কমিটি রয়েছে, সে সকল কমিটির সভা আয়োজন এবং প্রয়োজ্য ক্ষেত্রে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এপিএ তে অন্তর্ভুক্ত করতে হবে;

(ঘ) প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এপিএতে থাকতে হবে;

(ঙ) এপিএ'তে চ্যালেঞ্জিং কাজ/লক্ষ্যমাত্রা গ্রহণ করা হলে বোনাস নম্বর প্রদানের বিধান চালু করা হয়েছে; চ্যালেঞ্জিং কাজসমূহ সমাপ্ত করতে না পারলেও প্রয়োজ্য ক্ষেত্রে আংশিক নম্বর প্রদান করা হবে; নম্বর প্রদানের বিস্তারিত নির্দেশিকা মন্ত্রিপরিষদ বিভাগ পরবর্তীতে প্রকাশ করবে;

(চ) বিভিন্ন সূচকে নম্বর/ভর আরোপের ক্ষেত্রে নির্দেশনা প্রদান করা হয়েছে;

(ছ) ২০২৩-২৪ অর্থবছরের মতো ২০২৪-২৫ অর্থবছরেও বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে গুণগত মান বিবেচনা করে মূল্যায়ন করা হবে;

(জ) নতুন নির্দেশনাসমূহ মন্ত্রণালয়/বিভাগের এপিএ প্রণয়নে প্রয়োজ্য হবে; দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের এপিএ প্রণয়নের নির্দেশনা পূর্বের বছরের মতোই বহাল থাকবে; তবে কোনো মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজন মনে করলে নিজ নিজ দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের এপিএ প্রস্তুতিতে নতুন নির্দেশনাসমূহ প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োগ করতে পারবে।

৩। বর্ণিতবস্থায়, প্রকাশিত এপিএ নির্দেশিকা অনুযায়ী খসড়া এপিএ প্রস্তুত করে আগামী ২৮ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে APAMS সফটওয়্যারে দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সাথে মাঠ পর্যায়ের সকল অফিসে নির্দেশিকায় নির্ধারিত সময়সীমার মধ্যে এপিএ প্রস্তুতির নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: এপিএ নির্দেশিকা ২০২৪-২৫ (6484/potrojariAttachmentRef/102122/0/199),

১৬-৪-২০২৪

মো: আবদুর রহমান

উপসচিব

দপ্তর/সংস্থা প্রধানগণ

ফোন: ০২৫৫১০০৪৩৮

ফ্যাক্স: 9512220


ইমেইল: administration-1@mofl.gov.b

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৬.১৬.০০১.২৪.১৩৪/১(৩)

তারিখ: ৩ বৈশাখ ১৪৩১
১৬ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (কর্মসম্পাদন সেবাবক্সের নির্দেশিকা/পরিপত্র ট্যাবে আপলোডের অনুরোধসহ)
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



১৬-৪-২০২৪

মো: আবদুর রহমান
উপসচিব